

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়,  
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট  
খাদিমনগর, সিলেট।


## নিলাম বিজ্ঞপ্তি

নং:-৬৬০ তাং:- ২২/৬/২০১৮

অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, খাদিমনগর, সিলেটের খামারে পালিত ০৪ (চার) টি গবাদি পশু আগামী ২৭/০৮/২০১৮ইং তারিখে পৃথক পৃথক ভাবে বর্তমানে যে অবস্থায় আছে ঠিক সেই অবস্থায় প্রকাশ্য নিলাম ডাকে বিক্রয় করা হইবে। আগ্রহী ক্রেতা/খামার মালিকগণকে নিলাম ডাকে অংশ গ্রহন করে নিলামকৃত গবাদি পশু ক্রয় করার জন্য নিলাম বিজ্ঞপ্তি জারি করা হইল।

### নিলাম শর্তাবলী

- ০১। নিলামের স্থান : অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, খাদিমনগর, সিলেট মহোদয়ের অফিস প্রাঙ্গণ।
- ০২। নিলামের তারিখ ও সময়ঃ ২৭/০৮/২০১৮ইং। **সকাল ১১.০০ ঘটিকা**।
- ০৩। যারা নিলামে অংশ গ্রহন করিতে ইচ্ছুক তারা নিলাম ডাকের নির্ধারিত সময়ের পূর্বে ২০০০/- (দুই হাজার) টাকা জামানত হিসাবে জমা করে নিলাম ডাকে অংশ গ্রহন করিতে পারিবেন।
- ০৪। প্রতিটি গবাদি পশুর জন্য আলাদা আলাদা ভাবে জামানতের টাকা জমা দিতে হবে।
- ০৫। নিলাম ডাকে সর্বোচ্চ দর দাতাকে একই দিনে সাকুল্য টাকা রশিদের মাধ্যমে জমা করে নিলামকৃত গবাদি পশু বুঝিয়া নিতে হইবে। যদি কোন কারণে সর্বোচ্চ দর দাতা প্রতিশ্রুতিতে ব্যর্থ হন তবে জমাকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত হিসাবে গন্য হইবে এবং ২য় সর্বোচ্চ দর দাতাকে নিলাম কমিটির সিদ্ধান্ত মতে অগ্রাধিকার দেওয়া হইবে।
- ০৬। ১ম ও ২য় সর্বোচ্চ দরদাতা ব্যাতিত অন্যান্য সকলের জামানতের টাকা সাথে সাথে ফেরৎ দেওয়া হইবে।
- ০৭। সাব্যস্তকারী দরদাতা নিলামের সমুদয় টাকা সাথে সাথে জমা দিয়ে নিলামকৃত গবাদি পশু বুঝিয়া নিতে হইবে। কোন অবস্থায় অত্র প্রতিষ্ঠানে রাখা যাবে না। অন্যথায় চুরি বা হারানো গেলে কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।
- ০৮। যে কোন দর/ডাক গ্রহন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। বিতর্কিত প্রশ্নে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হইবে। মূল্য দর সাব্যস্তের ক্ষেত্রে সরকারী বিধি অনুসরণ করা হইবে।
- ০৯। নিলাম ডাককারীকে নিলাম ডাকের টাকার সাথে সরকারী ভ্যাট ৩% পরিশোধ করতে হবে। (১০০/- টাকাতে ৩/- টাকা, ১০০০/- টাকাতে ৩০/- টাকা)

  
২২.৬.১৮  
(নরেশ চন্দ্র বারই)

অধ্যক্ষ

কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট  
খাদিমনগর, সিলেট।


তারিখ :- ২২/৬/২০১৮

স্মারক নং :- ৬৬০/২(৬)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিটির সকল সদস্যকে অনুলিপি দেওয়া হইল।

- ০১। জনাব মো: সাদির উদ্দিন, মুখ্য প্রশিক্ষক, এটিআই, খাদিমনগর, সিলেট। সভাপতি।
- ০২। জনাব সুবিনয় ভট্টাচার্য, উদ্যান তত্ত্ববিদ, হার্টিকালচার সেন্টার, মেহেদিবাগ, সিলেট। সদস্য।
- ০৩। জনাব ডা: মাহবুব আলম, ভেটেনারি সার্জন, জেলা ভেটেনারি হাসপাতাল সিলেট। সদস্য।
- ০৪। জনাবা সংগীতা মিত্র, প্রশিক্ষক, এটিআই, খাদিমনগর, সিলেট। সদস্য।
- ০৫। জনাব সুমন কুমার বসাক, প্রশিক্ষক, এটিআই, খাদিমনগর, সিলেট। সদস্য।
- ০৬। জনাবা আকলিমা বেগম, খামার তত্ত্বাবধায়ক ও প্রশিক্ষক, এটিআই, খাদিমনগর, সিলেট। সদস্য।

সম্মানিত কমিটির সকল সদস্যবৃন্দকে উল্লেখিত তারিখ ও সময়ে উপস্থিত থেকে নিলাম কার্যক্রম সম্পন্ন করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হইল।

  
২২.৬.১৮  
অধ্যক্ষ

কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট